## রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি।

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.২২- ৪৪৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৯ মে ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক" এর শূন্যপদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগের জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নে উল্লিখিত নির্দেশনা/শর্ত অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | বয়স সীমা (৩০/০৬/২০২২ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারি শিক্ষক | সদর-৫১<br>কাউখালী-৩৭<br>নানিয়ারচর-২৮<br>বরকল-৩৫<br>জুরাছড়ি-৫৫<br>লংগদু-৫১<br>বাঘাইছড়ি-৮৮<br>কাপ্তাই-২২<br>রাজস্থলী-৪৫<br>বিলাইছড়ি-৫০<br>সর্বমোট : ৪৬২ (চারশত বাষট্টি) টি | বেতনস্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | সর্বনিম্ন ২১ বৎসর এবং সর্বোচ্চ ৪০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪২ বৎসর)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |

### আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী:

০১। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা ফরম পুরণ করে ৪নং ক্রমিকে উল্লেখিত কাগজপত্রসহ আগামী ৩০/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের রক্ষিত বক্সে আবেদন জমা দিতে হবে। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবর ডাকযোগেও আবেদনপত্র প্রেরণ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর সরাসরি বা ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবেনা।

০২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং নির্ধারিত প্রবেশপত্রের নমুনা ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। নির্ধারিত **"চাকরির আবেদন ফরম"** ও **"প্রবেশপত্রের নমুনা ফরম"** রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৩। আবেদনকারীকে **"চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ"** এর অনুকূলে সরকার অনুমোদিত যে কোন ব্যাংক হতে ৪০০/= (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার গ্রহণ করা হবেনা।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নেউল্লিখিত প্রয়োজনীয় সকল সনদপত্র/প্রত্যয়ণ/তথ্য/কাগজপত্রাদির (সত্যায়িত) ০১ (এক) সেট জমা দিতে হবে। প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নকারী কর্মকর্তার (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা) স্বাক্ষরের নীচে নামসহ সীল থাকতে হবে।

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি ।
খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মুল/সাময়িক সনদপত্র।
গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) স্থায়ী বাসিন্দার সনদপত্র (সংশ্লিষ্ট মৌজার হেডম্যান বা ইউপি চেয়ারম্যান বা ক্ষেত্রমতে পৌরসভার মেয়র/চেয়ারমান কর্তৃক প্রদত্ত সনদ যাহা সার্কেল চীফ/জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত অথবা সার্কেল চীফ/জেলা প্রশাসক কর্তৃক সরাসরি প্রদত্ত সনদ)।
চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র।
ছ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। যাহা সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত।
জ) প্রার্থীর নিজের, পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্র।
ঝ) পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক সদ্য (৩১ মে ২০২২ তারিখের পূর্বে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র।

০৫। সরকারি চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীর বর্তমান (আবেদনে উল্লেখিত পত্র যোগাযোগের ঠিকানা) ঠিকানায় **"লিখিত পরীক্ষার প্রবেশপত্র/ ইন্টারভিউ কার্ড"** প্রেরণ করা হবে।

০৭। খামের উপর বামদিকে পদের নাম ও স্থায়ী ঠিকানাভিত্তিক প্রার্থীর নিজ উপজেলার নাম উল্লেখ করতে হবে। পাশাপাশি কোটা থাকলে সেই কোটার নামও ডানদিকে উপরে উল্লেখ করতে হবে।

০৮। বয়স নিরুপনের ক্ষেত্রে এফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য নহে।

০৯। যোগ্যতা পূরণ সাপেক্ষে সরকার নির্দেশিত মেধা কোটা, উপজাতীয়, অউপজাতীয়, পোষ্যকোটাসহ সকল ধরণের কোটা অনুসরণ পূর্বক নিয়োগ দেয়া হবে।

১০। দরখাস্তকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থীতা উক্ত উপজেলার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

১১। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ/অসম্পর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। লিখিত পরীক্ষার ফলাফল রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে ও জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd এ প্রকাশ করা হবে।

১৫। প্রার্থী বাছাই ও নিয়োগের ক্ষেত্রে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/- ২৯.০৫.২২
অংসুই প্রু চৌধুরী
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং ৩৮.০১.৮৪০০.০০০.১১.০০৫.২২- ৪৪৫ (৭৫)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৯ মে ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
০৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৭. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৮. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৯. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১১. মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২. জনাব ..................................সম্মানীত সদস্য (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১৪. সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৫. নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৬. নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ........................... উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা: .............................. জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৯. জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২০. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২১. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা: .............................. জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২২. উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা: .............................. জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২৩. সম্পাদক, দৈনিক গিরিদর্পন/দৈনিক কালের কণ্ঠ/স্থানীয় বেতার। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে স্বল্পপরিসরে একদিন প্রকাশপূর্বক ২ কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৪ নোটিশ বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
২৫. অফিস নথি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
২৬. সংরক্ষণ নথি, এ অফিস।

29/5/22

(মোঃ সাজ্জাদ হোসেন)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন: ০২-৩৩৩৩০৪৭১৪